গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিকিৎসা শিক্ষা অধিশাখা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০.১৩৮.৯৯.০০১.২২.৮৫ তারিখ: ৩১ ডিসেম্বর ২০২৩

বিষয়: রাজশাহী জেলার স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান পরিদর্শন।
সূত্র: এ বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং ৫৯.০০.০০০০.১০৪.৯৯.০০৯.২২-১৩৪৬, তারিখ: ০১-১১-২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ১১ নভেম্বর ২০২৩ তারিখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক উপপরিচালকের কার্যালয়, পরিবার পরিকল্পনা, রাজশাহী পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বিভাগীয় পরিচালক, রাজশাহী এবং রাজশাহী জেলার পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপপরিচালক ও সংশ্লিষ্ট অফিসের অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন। রাজশাহী জেলার সকল উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং রাজশাহী সেন্ট্রাল ওয়্যারহাউজের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ সকলের সাথে মতবিনিময় সভা করা হয়।

**০২। এক নজরে রাজশাহী জেলা পরিবার পরিকল্পনা কার্যক্রমের তথ্য:**

- মোট সক্ষম দম্পতি : ৬,২৩,৪৩৯ জন (অক্টোবর ২০২৩)
- মোট গ্রহণকারী : ৫,০৬,৭০২ জন (অক্টোবর ২০২৩)
- পদ্ধতি গ্রহণকারীর হার : ৮১.২৮%
- মেথড মিক্স পদ্ধতির হার : স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি - ১৬.৯২%
  : অস্থায়ী পদ্ধতি - ৬৪.৩৬%
- মোট গর্ভবতীর সংখ্যা : ১৮,৪৪৭ জন
- মোট পরিবার কল্যাণ কেন্দ্র : ৪৫টি
- ২৪/৭ পরিবার কল্যাণ কেন্দ্র : ২২টি
- মান উন্নীত পরিবার কল্যাণ কেন্দ্র: ৩০টি
- কমিউনিটি ক্লিনিক : ২৩২টি
- মডেল পরিবার কল্যাণ কেন্দ্র : ০৭টি
- কৈশোর বান্ধব কর্ণার : ১৬টি

**০৩। রাজশাহী জেলা পরিবার পরিকল্পনার জনবলের তথ্য:**

| ক্রম | পদের নাম | অনুমোদিত পদ | কর্মরত পদ | শূন্য পদ |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | ০৯ | ০৭ | ০২ |
| ২ | মেডিকেল অফিসার | ১২ | ১১ | ০১ |
| ৩ | সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | ০৯ | ০০ | ০৯ |
| ৪ | সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি) | ১০ | ০০ | ১০ |
| ৫ | উপজেলা পরিবার পরিকল্পনা সহকারী | ৩০ | ৩০ | ০০ |
| ৬ | সাব-এসিসট্যান্ট-কমিউনিটি মেডিকেল অফিসার (SACMO) | ৪০ | ২৯ | ১১ |
| ৭ | পরিবার কল্যাণ পরিদর্শিকা | ৯৭ | ৬২ | ৩৫ |
| ৮ | ফার্মাসিস্ট | ৪০ | ৪০ | ০০ |

| ক্রম | পদের নাম | অনুমোদিত পদ | কর্মরত পদ | শূন্য পদ |
|---|---|---|---|---|
| ৯ | পরিবার পরিকল্পনা পরিদর্শক | ৭৬ | ৬৬ | ১০ |
| ১০ | পরিবার কল্যাণ সহকারী | ৪৩৩ | ২৬৫ | ১৬৮ |

রাজশাহী জেলায় পরিবার পরিকল্পনার উপজেলা ও ইউনিয়ন অফিসসমূহে বিভিন্ন পদে জনবলের ব্যাপক স্বল্পতা রয়েছে। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার ০২টি পদ শূন্য থাকায় দুইটি উপজেলায় অতিরিক্ত দায়িত্বে নিযুক্ত কর্মকর্তা দিয়ে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি)-এর অনুমোদিত সকল পদই শূন্য। এছাড়াও পরিবার কল্যাণ পরিদর্শিকার ৩৫টি ও পরিবার কল্যাণ সহকারীর ১৬৮টি পদ শূণ্য রয়েছে।

**০৪। রাজশাহী জেলার পরিবার পরিকল্পনা পদ্ধতির নির্ধারিত লক্ষ্যমাত্রা এবং অর্জনের হার:**

| ক্রম | পদ্ধতিসমূহের নাম | প্রক্ষেপিত লক্ষ্যমাত্রা (অক্টোবর ২০২৩) | অর্জন (অক্টোবর ২০২৩) |
|---|---|---|---|
| ১ | পুরুষ (স্থায়ী) | ৫% | ১.৪০% |
| ২ | মহিলা (স্থায়ী) | ৭% | ১১.০৮% |
| ৩ | আইইউডি (দীর্ঘমেয়াদী) | ৪% | ০.৯৮% |
| ৪ | ইমপ্ল্যান্ট (দীর্ঘমেয়াদী) | ৪% | ৩.৪৬% |
| ৫ | স্থায়ী ও দীর্ঘমেয়াদী মোট | ২০% | ১৬.৯২% |
| ৬ | ইনজেকশন | ১৯% | ১৫.১৬% |
| ৭ | খাবার বড়ি | ৩৯% | ৩৪.৪৪% |
| ৮ | কনডম | ৭% | ১৪.৭৬% |
| ৯ | অস্থায়ী পদ্ধতির মোট | ৬৫% | ৬৪.৩৬% |

রাজশাহী জেলায় পরিবার পরিকল্পনা কার্যক্রম সার্বিকভাবে সন্তোষজনক হলেও দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহণের হার এবং পুরুষের স্থায়ী পদ্ধতি গ্রহণকারীর হার প্রক্ষেপনের তুলনায় অত্যন্ত কম। অন্যদিকে মহিলাদের স্থায়ী পদ্ধতি গ্রহণকারীর হার প্রক্ষেপনের তুলনায় অনেক বেশী। দীর্ঘমেয়াদী পদ্ধতি এবং পুরুষের স্থায়ী পদ্ধতি গ্রহণকারীর হার বৃদ্ধির জন্য কর্মকৌশল প্রণয়ন করতে হবে।

**০৫। পরিবার পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়নের চ্যালেন্জসমূহ:**

- ২৪/৭ পরিবার কল্যাণ কেন্দ্রসমূহে সীমানা প্রাচীর না থাকায় কার্যক্রম সম্পাদনে সমস্যার সৃষ্টি হয়। কয়েকটি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রকে মডেল কেন্দ্র হিসাবে ঘোষণা করা হলেও প্রতিষ্ঠানের ভবন স্বাস্থ্য সেবা প্রদানের জন্য মোটেই উপযোগী নয়। বিভিন্ন কক্ষের দেয়াল ও ছাদ হতে পলেস্তারা খসে পড়ছে;
- ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে অফিস করার উপযোগী আসবাবপত্র নেই। এছাড়াও অপেক্ষমান রোগীদের বসার জন্য পর্যাপ্ত আসনের ব্যবস্থা নেই;
- উপজেলা মা ও শিশু কল্যাণ কেন্দ্র এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ০২ জন করে পরিবার কল্যাণ পরিদর্শিকার প্রয়োজন হলেও অনেক পদ শূন্য রয়েছে বলে যথাযথভাবে স্বাস্থ্যসেবা প্রদান করা সম্ভব হচ্ছেনা;
- সাব-এসিসট্যান্ট-কমিউনিটি মেডিকেল অফিসার (SACMO) এবং পরিবার কল্যাণ পরিদর্শিকাদের সার্বক্ষনিক দায়িত্ব পালন করতে হয় কিন্তু সকল মা ও শিশু কল্যাণ কেন্দ্র এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে আবাসনের ব্যবস্থা নেই।
- স্টেকহোল্ডারদের চাহিদা থাকলেও উপজেলা মা ও শিশু কল্যাণ কেন্দ্রসমূহে আলট্রাসাউন্ড মেশিন না থাকায় সকল পরীক্ষার জন্য গর্ভবতী ও প্রসূতি মায়েদের বেসরকারি প্রতিষ্ঠানে যেতে হয়;

• সেন্ট্রাল ওয়্যারহাউজ হতে চাহিদা ছাড়াই উচ্চমানের অটোক্লেভ মেশিন সরবরাহ করা হয়েছে যা ইউনিয়ন পর্যায়ে ব্যবহার উপযোগী নয়। সরবরাহকৃত অটোক্লেভ মেশিনসমূহ ব্যবহারের জন্য ৪৪০ ভোল্ট বিদ্যুৎ এবং সার্বক্ষনিক পানি সরবরাহ প্রয়োজন যা সকল কেন্দ্রে নেই। এ ধরণের অটোক্লেভ মেশিন মাঠ পর্যায়ের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহে ব্যবহার অনুপযোগী বিধায় তা ক্রয় করে সরবরাহ করা সরকারের আর্থিক অপচয় মাত্র;

• আঞ্চলিক পণ্যাগার, পরিবার পরিকল্পনা, রাজশাহী হতে জেলার অভ্যন্তরে এবং পার্শ্ববর্তী অন্যান্য জেলায় ওষুধ ও সরন্জামাদি সরবরাহ করা হয়। ১.৫ টনি পুরাতন উন্মুক্ত (উপরে ত্রিপল দেওয়া) পিক-আপ ট্রাকে মালামাল সরবরাহ দেওয়ায় একদিকে যেমন ২১ টি উপজেলায় পর্যাপ্ত মালামাল পৌছানো সম্ভব হচ্ছে না, মালামালের অনিরাপত্তাজনিত ঝুঁকি বাড়ছে, অন্যদিকে একই কিংবা কাছাকাছি উপজেলায় একাধিকবার গাড়ি দেওয়ায় জ্বালানি খরচ বেশি হচ্ছে। ২০২২-২৩ অর্থবছরের ২,২০,২২৯/- টাকা জ্বালানি খরচ বাকি ছিলো। পুরো বকেয়া পরিশোধ না করায় পেট্রোলপাম্প প্রায়শ:ই জ্বালানি সরবরাহ দিতে অপারগতা জানায়। কেন্দ্রীয় পণ্যাগার হতে একটি ৩ টনি গাড়ি সরবরাহ করা হলে ওষুধ ও সরন্জামাদি সরবরাহ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা সম্ভব হবে।

০৬। **সার্বিক অবস্থার উপর মন্তব্য ও সুপারিশ:**

(ক) উপজেলা মা ও শিশু কল্যাণ কেন্দ্র এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের শূন্য পদসমূহে জরুরি ভিত্তিতে জনবল নিয়োগ /পদায়ন করতে হবে।

(খ) অপারেশন থিয়েটারসমূহে চিকিৎসা সেবা অব্যাহত রাখার জন্য আধুনিক যন্ত্রপাতি সরবরাহ করা প্রয়োজন;

(গ) ২৪/৭ পরিবার কল্যাণ কেন্দ্রসমূহে সীমানা প্রাচীর নির্মাণ এবং জরুরি ভিত্তিতে মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ভবনের সংস্কার করা প্রয়োজন;

(ঘ) সাব-এসিসট্যান্ট-কমিউনিটি মেডিকেল অফিসার (SACMO) এবং পরিবার কল্যাণ পরিদর্শিকাদের সার্বক্ষনিক দায়িত্ব পালন নিশ্চিত করার জন্য মা ও শিশু কল্যাণ কেন্দ্র এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে আবাসনের ব্যবস্থা করতে হবে;

(ঙ) Need assessment করে প্রয়োজনীয় ওষুধ ও সরন্জামাদি সরবরাহ নিশ্চিত করতে হবে এবং অপ্রয়োজনীয়ভাবে চাহিদা ব্যতীত সরবরাহকৃত অটোক্লেভ মেশিনসমূহ ফেরত নিয়ে ব্যবহার উপযোগী মেশিন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট ওয়্যারহাউজকে নির্দেশনা প্রদান করতে হবে;

(চ) অফিস উপযোগী চেয়ার টেবিল এবং অপেক্ষমান রোগীদের বসার জন্য পর্যাপ্ত আসনের ব্যবস্থা করা প্রয়োজন;

(ছ) স্টেকহোল্ডারদের চাহিদার পরিপ্রেক্ষিতে উপজেলা মা ও শিশু কল্যাণ কেন্দ্রসমূহে আলট্রাসাউন্ড মেশিন সরবরাহ করা প্রয়োজন;

(জ) আঞ্চলিক পণ্যাগার, পরিবার পরিকল্পনা, রাজশাহী হতে জেলার অভ্যন্তরে এবং পার্শ্ববর্তী অন্যান্য জেলার মোট ২১টি উপজেলায় ওষুধ ও সরন্জামাদি সরবরাহ সুষ্ঠুভাবে সম্পাদন এবং সরকারি অর্থের সাশ্রয়ের লক্ষ্যে কেন্দ্রীয় পণ্যাগার হতে একটি ৩ টনি গাড়ি সরবরাহ করা প্রয়োজন।

(মল্লিকা খাতুন)
যুগ্মসচিব
ফোন: ৫৫১০০৮৬৪
me@mefwd.gov.bd

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

তারিখ: ৩১ ডিসেম্বর ২০২৩

স্মারক নং-৫৯.০০.০০.১৩৮.৯৯.০০১.২২.৮৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা
০২। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় পরিচালক, রাজশাহী
০৪। উপপরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, রাজশাহী
০৫। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)